

হাজ্জ

AlHajj

الْحَجَّ

পবন করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. হে লোক সকল!
তোমাদের পালনকর্তাকে
ভয় কর। নিশ্চয়
কেয়ামতের প্রকম্পন একটি
ভয়ংকর ব্যাপার।

1. O mankind, fear
your Lord. Indeed, the
earthquake of the
Hour (of Judgment) is
a tremendous thing.

يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ إِنَّ
زَلْزَلَةَ السَّاعَةِ شَيْءٌ عَظِيمٌ ﴿١﴾

2. যেদিন তোমরা তা
প্রত্যক্ষ করবে, সেদিন
প্রত্যেক স্তন্যধাত্রী তার
দুধের শিশুকে বিস্মৃত হবে
এবং প্রত্যেক গর্ভবতী তার
গর্ভপাত করবে এবং
মানুষকে তুমি দেখবে
মাতাল; অথচ তারা
মাতাল নয় বস্তুতঃ আল্লাহর
আযাব সুকঠিন।

2. On the day you see it,
every nursing mother
will be distracted from
that (child) she was
nursing, and every
pregnant female will
drop her burden, and
you shall see mankind
as drunken, yet they
will not be drunken,
but the punishment of
Allah is severe.

يَوْمَ تَرَوْهَا تَدْهَلُ كُلُّ مُرْضِعَةٍ
عَمَّا أَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ
حَمْلٍ حَمْلَهَا وَتَرَى النَّاسَ
سُكَرَىٰ وَمَا هُمْ بِسُكَرَىٰ
وَلَكِنَّ عَذَابَ اللَّهِ شَدِيدٌ ﴿٢﴾

3. কতক মানুষ
অজ্ঞানতাবশতঃ আল্লাহ
সম্পর্কে বিতর্ক করে এবং
প্রত্যেক অবাধ্য শয়তানের
অনুসরণ করে।

3. And among mankind
is he who disputes
about Allah without
knowledge, and follows
every rebellious devil.

وَمِنَ النَّاسِ مَنْ يُجَادِلُ فِي اللَّهِ
بِغَيْرِ عِلْمٍ وَيَتَّبِعُ كُلَّ شَيْطَانٍ
مَّرِيدٍ ﴿٣﴾

4. শয়তান সম্পর্কে লিখে
দেয়া হয়েছে যে, যে কেউ

4. It is decreed for him
that whoever takes him

كُتِبَ عَلَيْهِ أَنَّهُ مَنْ تَوَلَّاهُ فَإِنَّهُ

তার সাথী হবে, সে তাকে
বিভ্রান্ত করবে এবং
দোমখের আযাবের দিকে
পরিচালিত করবে।

for friend, he will then
indeed misguide him
and will lead him to the
punishment of the
Flame.

يُضِلُّهُ وَيَهْدِيهِ إِلَىٰ عَذَابِ
السَّعِيرِ ﴿٤﴾

5. হে লোকসকল! যদি
তোমরা পুনরুত্থানের
ব্যাপারে সন্দিহ্ব হও, তবে
(ভেবে দেখ-) আমি
তোমাদেরকে মৃত্তিকা থেকে
সৃষ্টি করেছি। এরপর বীর্ষ
থেকে, এরপর জমাট রক্ত
থেকে, এরপর
পূর্ণাকৃতিবিশিষ্ট ও
অপূর্ণাকৃতিবিশিষ্ট
মাংসপিণ্ড থেকে, তোমাদের
কাছে ব্যক্ত করার জন্যে।
আর আমি এক নির্দিষ্ট
কালের জন্যে মাতৃগর্ভে যা
ইচ্ছা রেখে দেই, এরপর
আমি তোমাদেরকে শিশু
অবস্থায় বের করি; তারপর
যাতে তোমরা যৌবনে
পদার্পণ কর। তোমাদের
মধ্যে কেউ কেউ মৃত্যুমুখে
পতিত হয় এবং তোমাদের
মধ্যে কাউকে নিষ্কর্মা বয়স
পর্যন্ত পৌছানো হয়, যাতে
সে জানার পর জ্ঞাত বিষয়
সম্পর্কে সজ্ঞান থাকে না।
তুমি ভূমিকে পতিত দেখতে
পাও, অতঃপর আমি যখন
তাতে বৃষ্টি বর্ষণ করি,
তখন তা সতেজ ও স্ফীত

5. O mankind, if you
are in doubt about the
Resurrection, then
indeed We have created
you from dust, then
from a drop of sperm,
then from a clot, then
from a lump of flesh,
formed and unformed,
that We may make
(it) clear for you. And
We cause to remain in
the wombs, what We
will, for an appointed
term, then We bring
you forth as infants,
then (give you growth)
that you reach your
full strength. And
among you there is he
who dies (young), and
among you there is he
who is brought back to
the miserable old age,
so that after knowledge,
he does not know
anything. And you see
the earth barren, but
when We send down
water on it, it does
thrill and swell and

يَا أَيُّهَا النَّاسُ إِن كُنْتُمْ فِي رَيْبٍ
مِّنَ الْبَعْثِ فَإِنَّا خَلَقْنَاكُمْ مِّن
تُّرَابٍ ثُمَّ مِّن نُّطْفَةٍ ثُمَّ مِّن
عَلَقَةٍ ثُمَّ مِّن مَّضْغَةٍ مُّخَلَّقَةٍ وَغَيْرِ
مُخَلَّقَةٍ لِّنُبَيِّنَ لَكُمْ وَنُقِرُّ فِي
الْأَرْحَامِ مَا نَشَاءُ إِلَىٰ آجَلٍ
مُّسَمًّى ثُمَّ نُخْرِجُكُمْ طِفْلًا ثُمَّ
لِتَبْلُغُوا أَشُدَّكُمْ وَمِنْكُمْ مَّن
يُتَوَفَّىٰ وَمِنْكُمْ مَّن يُرَدُّ إِلَىٰ أَرْذَلِ
الْعُمُرِ لِكَيْلَا يَعْلَمَ مِن بَعْدِ عِلْمٍ
شَيْئًا وَتَرَىٰ الْأَرْضَ هَامِدَةً فَإِذَا
أَنْزَلْنَا عَلَيْهَا الْمَاءَ اهْتَزَّتْ وَرَبَّتْ
وَأَنْبَتَتْ مِن كُلِّ زَوْجٍ بَهِيجٍ ﴿٥﴾

হয়ে যায় এবং সর্বপ্রকার
সুদৃশ্য উদ্ভিদ উৎপন্ন করে।

puts forth of every
lovely kind (of growth).

6. এগুলো এ কারণে যে,
আল্লাহ সত্য এবং তিনি
মৃতকে জীবিত করেন এবং
তিনি সবকিছুর উপর
ক্ষমতাবান।

6. That is because
Allah, He is the Truth,
and it is He who
gives life to the dead,
and it is He who has
Power over all things.

ذَلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّهُ يُحْيِي
الْمَوْتَى وَأَنَّهُ عَلَى كُلِّ شَيْءٍ
قَدِيرٌ ﴿٦﴾

7. এবং এ কারণে যে,
কেয়ামত অবশ্যম্ভাবী, এতে
সন্দেহ নেই এবং এ কারণে
যে, কবরে যারা আছে,
আল্লাহ তাদেরকে
পুনরুত্থিত করবেন।

7. And certainly, the
Hour is coming, there
is no doubt about it.
And certainly, Allah
will resurrect those
who are in the graves.

وَأَنَّ السَّاعَةَ آتِيَةٌ لَا رَيْبَ فِيهَا
وَأَنَّ اللَّهَ يَبْعَثُ مَنْ فِي الْقُبُورِ ﴿٧﴾

8. কতক মানুষ জ্ঞান;
প্রমাণ ও উজ্জ্বল কিতাব
ছাড়াই আল্লাহ সম্পর্কে
বিতর্ক করে।

8. And among mankind
is he who disputes
about Allah without
knowledge, and without
guidance, and without
a Book giving light.

وَمِنَ النَّاسِ مَنْ يُجَادِلُ فِي اللَّهِ
بِغَيْرِ عِلْمٍ وَلَا هُدًى وَلَا كِتَابٍ
مُنِيرٍ ﴿٨﴾

9. সে পার্শ্ব পরিবর্তন করে
বিতর্ক করে, যাতে আল্লাহর
পথ থেকে বিভ্রান্ত করে
দেয়। তার জন্যে দুনিয়াতে
লাঞ্ছনা আছে এবং
কেয়ামতের দিন আমি
তাকে দহন-যন্ত্রণা আশ্বাদন
করাব।

9. Turning away his
neck (in arrogance) to
lead (men) astray from
the way of Allah. For
him in this world is
disgrace, and We shall
make him taste, on the
Day of Resurrection, the
punishment of burning.

ثَانِي عَطْفِهِ لِيُضِلَّ عَنْ سَبِيلِ
اللَّهِ لَهُ فِي الدُّنْيَا خِزْيٌ وَنَذِيقُهُ
يَوْمَ الْقِيَامَةِ عَذَابَ الْحَرِيقِ ﴿٩﴾

10. এটা তোমার দুই
হাতের কর্মের কারণে,
আল্লাহ বান্দাদের প্রতি
জুলুম করেন না।

10. That is because of
what your hands have
sent before, and indeed
Allah is not oppressor
of His slaves.

ذَلِكَ بِمَا قَدَّمْتُمْ يَدَاكُمْ وَأَنَّ اللَّهَ
لَيْسَ بِظَلَّامٍ لِلْعَبِيدِ ﴿١٠﴾

11. মানুষের মধ্যে কেউ কেউ দ্বিধা-দ্বন্দ্ব জড়িত হয়ে আল্লাহর এবাদত করে। যদি সে কল্যাণ প্রাপ্ত হয়, তবে এবাদতের উপর কায়ম থাকে এবং যদি কোন পরীক্ষায় পড়ে, তবে পূর্বাভাসায় ফিরে যায়। সে ইহকালে ও পরকালে ক্ষতিগ্রস্ত। এটাই প্রকাশ্য ক্ষতি

12. সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে, যে তার অপকার করতে পারে না এবং উপকারও করতে পারে না। এটাই চরম পথভ্রষ্টতা।

13. সে এমন কিছুকে ডাকে, যার অপকার উপকারের আগে পৌছে। কত মন্দ এই বন্ধু এবং কত মন্দ এই সঙ্গী।

14. যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম সম্পাদন করে, আল্লাহ তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যার তলদেশ দিয়ে নির্ঝরনীসমূহ প্রবাহিত হয়। আল্লাহ যা ইচ্ছা তাই করেন।

15. সে ধারণা করে যে, আল্লাহ কখনই ইহকালে ও

11. And among mankind is he who worships Allah upon a narrow edge, so if good befalls him, he is content therewith. And if a trial befalls him, he turns back on his face. He has lost (both) the world and the Hereafter. That is what the manifest loss is.

12. He calls upon other than Allah that which does not hurt him, and that which does not profit him. That is what is the straying far away.

13. He calls unto him whose harm is nearer than his benefit. Certainly an evil patron and certainly an evil associate.

14. Indeed, Allah will admit those who believe and do righteous deeds into gardens beneath which rivers flow. Indeed, Allah does what He intends.

15. Whoever should think that Allah will not

وَمِنَ النَّاسِ مَنْ يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ فَإِنْ أَصَابَهُ خَيْرٌ اطْمَأَنَّ بِهِ وَإِنْ أَصَابَتْهُ فِتْنَةٌ انْقَلَبَ عَلَى وَجْهِهِ خَسِرَ الدُّنْيَا وَالْآخِرَةَ ذَلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ ﴿١١﴾

يَدْعُوا مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَضُرُّهُ وَمَا لَا يَنْفَعُهُ ذَلِكَ هُوَ الضَّلُّ الْبَعِيدُ ﴿١٢﴾

يَدْعُوا لِمَنْ ضَرُّهُ أَقْرَبُ مِنْ نَفْعِهِ لِبُئْسَ الْمَوْلَىٰ وَلِبُئْسَ الْعَشِيرُ ﴿١٣﴾

إِنَّ اللَّهَ يُدْخِلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيدُ ﴿١٤﴾

مَنْ كَانَ يَظُنُّ أَنْ لَنْ يَنْصُرَهُ اللَّهُ

পরকালে রাসূলকে সাহায্য করবেন না, সে একটি রশি আকাশ পর্যন্ত ঝুলিয়ে নিক; এরপর কেটে দিক; অতঃপর দেখুক তার এই কৌশল তার আক্রোশ দূর করে কিনা।

help him (Muhammad) in this world and the Hereafter, so let him stretch a rope up to the sky, then cut it off. Then let him see if his strategy will take away that which enrages (him).

فِي الدُّنْيَا وَالْآخِرَةِ فَلْيَمْدُدْ
بِسَبَبٍ إِلَى السَّمَاءِ ثُمَّ لِيَقْطَعْ
فَلْيَنْظُرْ هَلْ يُذْهِبَنَّ كَيْدَهُ مَا
يَغِيظُ ﴿٥٠﴾

16. এমনিভাবে আমি সুস্পষ্ট আয়াত রূপে কোরআন নাযিল করেছি এবং আল্লাহ-ই যাকে ইচ্ছা হেদায়েত করেন।

16. And thus have We sent it down as clear signs, and surely, Allah guides whom He intends.

وَكَذَلِكَ أَنْزَلْنَاهُ آيَاتٍ بَيِّنَاتٍ وَأَنَّ
اللَّهَ يَهْدِي مَنْ يُرِيدُ ﴿٥١﴾

17. যারা মুসলমান, যারা ইহুদী, সাবেয়ী, খ্রীষ্টান, অগ্নিপূজক এবং যারা মুশরেক, কেয়ামতের দিন আল্লাহ অবশ্যই তাদের মধ্যে ফায়সালা করে দেবেন। সবকিছুই আল্লাহর দৃষ্টির সামনে।

17. Indeed, those who believe (this revelation), and those who are Jews, and the Sabaeans, and the Christians, and the Magians, and those who associate (others besides Allah), indeed Allah will judge between them on the Day of Resurrection. Indeed, Allah is Witness over all things.

إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا
وَالصَّابِئِينَ وَالنَّصَارَى
وَالْمَجُوسَ وَالَّذِينَ أَشْرَكُوا إِنَّ
اللَّهَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ
إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٥٢﴾

18. তুমি কি দেখনি যে, আল্লাহকে সেজদা করে যা কিছু আছে নভোমন্ডলে, যা কিছু আছে ভূমন্ডলে, সূর্য, চন্দ্র, তারকারাজি পর্বতরাজি বৃক্ষলতা, জীবজন্তু এবং অনেক মানুষ। আবার অনেকের

18. Do you not see that to Allah prostrates whoever is in the heavens and whoever is on the earth, and the sun, and the moon, and the stars, and the mountains, and the trees, and the beasts,

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَسْجُدُ لَهُ مَنْ فِي
السَّمَوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ
وَالشَّمْسُ وَالْقَمَرُ وَالنُّجُومُ وَ
الْجِبَالُ وَالشَّجَرُ وَالذَّوَابُّ

উপর अवधारित হয়েছে
শাস্তি। আল্লাহ যাকে ইচ্ছা
লাঞ্ছিত করেন, তাকে কেউ
সম্মান দিতে পারে না।
আল্লাহ যা ইচ্ছা তাই করেন
AsSajda

and many of mankind.
And there are many on
whom the punishment
is justified. And he
whom Allah disgraces,
so for him there is not
any bestower of honor.
Indeed, Allah does
what He wills. **AsSajda**

وَكَثِيرٌ مِّنَ النَّاسِ وَكَثِيرٌ حَقٌّ
عَلَيْهِ الْعَذَابُ وَمَنْ يُهِنِ اللَّهُ فَمَا
لَهُ مِنْ مُّكْرِمٍ إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا
يَشَاءُ 

19. এই দুই বাদী বিবাদী,
তারা তাদের পালনকর্তা
সম্পর্কে বিতর্ক করে।
অতএব যারা কাফের,
তাদের জন্য আগুনের
পোশাক তৈরী করা হয়েছে।
তাদের মাথার উপর ফুটন্ত
পানি ঢেলে দেয়া হবে।

19. These twain
(believers and
disbelievers) are two
adversaries who dispute
with each other about
their Lord. Then as for
those who disbelieve,
garments of fire will be
cut out for them.
Boiling fluid will be
poured upon their
heads.

هَذَانِ خَصْمِنِ اِخْتَصَمُوا فِي
رَبِّهِمْ فَالَّذِينَ كَفَرُوا قُطِعَتْ
لَهُمْ ثِيَابٌ مِّنْ نَّارٍ يُصَبُّ مِنْ
فَوْقِ رُءُوسِهِمُ الْحَمِيمُ 

20. ফলে তাদের পেটে যা
আছে, তা এবং চর্ম গলে
বের হয়ে যাবে।

20. With it will melt
away what is within
their bellies, and the
skins.

يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ
وَالْجُلُودُ 


21. তাদের জন্য আছে
লোহার হাতুড়ি।

21. And for them are
hooked rods of iron.

وَهُمْ مَّقَامِعٌ مِنْ حديدٍ 

22. তারা যখনই যন্ত্রনায়
অতিষ্ঠ হয়ে জাহান্নাম থেকে
বের হতে চাইবে, তখনই
তাদেরকে তাতে ফিরিয়ে
দেয়া হবে। বলা হবে: দহন
শাস্তি আন্বাদন কর।

22. Whenever they
would want that they
get out of it, from
anguish, they will be
driven back therein. (It
will be said): “And
taste the punishment of
burning.”

كَلَّمَا آرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا مِنْ
غَمٍّ أَعِيدُوا فِيهَا وَذُقُوا عَذَابَ
الْحَرِيقِ 

23. নিশ্চয় যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে দাখিল করবেন উদ্যান সমূহে, যার তলদেশ দিয়ে নির্ঝরিনীসমূহ প্রবাহিত হবে। তাদেরকে তথায় স্বর্ণ-কংকন ও মুক্তা দ্বারা অলংকৃত করা হবে এবং তথায় তাদের পোশাক হবে বেশমী।

24. তারা পথপ্রদর্শিত হয়েছিল সৎবাক্যের দিকে এবং পরিচালিত হয়েছিল প্রশংসিত আল্লাহর পথপানে।

25. যারা কুফর করে ও আল্লাহর পথে বাধা সৃষ্টি করে এবং সেই মসজিদে হারাম থেকে বাধা দেয়, যাকে আমি প্রস্তুত করেছি স্থানীয় ও বহিরাগত সকল মানুষের জন্যে সমভাবে এবং যে মসজিদে হারামে অন্যায়ভাবে কোন ধর্মদ্রোহী কাজ করার ইচ্ছা করে, আমি তাদেরকে যন্ত্রানাদায়ক শাস্তি আশ্বাদন করাব।

26. যখন আমি ইব্রাহীমকে বায়তুল্লাহর স্থান ঠিক করে দিয়েছিলাম যে, আমার সাথে কাউকে শরীক করো

23. Indeed, Allah will admit those who believe and do righteous deeds to gardens underneath which rivers flow. They will be adorned therein with bracelets of gold and pearls, and their garments therein will be silk.

24. And they are guided (in this world) unto purest of the speeches, and they are guided to the path of the Praiseworthy.

25. Indeed, those who disbelieve and hinder (others) from the way of Allah and al-Masjid al-Haram, which We have appointed for the mankind, equally for those who dwell therein and for those who come from outside. And whoever intends therein evil wrongfully, We shall make him taste of a painful punishment.

26. And when We designated for Abraham the site of the House (saying)

إِنَّ اللَّهَ يُدْخِلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ يُجَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ط وَلباسُهُمْ فِيهَا حَرِيرٌ ﴿٣٣﴾

وَهُدُّوا إِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ ط وَهُدُّوا إِلَى صِرَاطِ الْحَمِيدِ ﴿٣٤﴾

إِنَّ الَّذِينَ كَفَرُوا وَيَصُدُّونَ عَن سَبِيلِ اللَّهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ الَّذِي جَعَلْنَاهُ لِلنَّاسِ سَوَاءً الْعَاكِفُ فِيهِ وَالْبَادِ وَمَنْ يُرِدْ فِيهِ بِالْحَادِ بِظُلْمٍ نُدِّقْهُ مِنْ عَذَابِ الْيَوْمِ ﴿٣٥﴾

وَإِذْ بَوَّأْنَا لِإِبْرَاهِيمَ مَكَانَ الْبَيْتِ أَنْ لَا تُشْرِكْ بِي شَيْئًا وَطَهِّرْ

না এবং আমার গৃহকে
পবিত্র রাখ
তাওয়াফকারীদের জন্যে,
নামাযে দন্ডায়মানদের
জন্যে এবং রকু
সেজদাকারীদের জন্যে।

that: “Do not associate
with Me anything, and
purify My House
(Kabah) for those who
walk around it and
those who stand and
those who bow (and)
make prostration.”

بَيْتِي لِلطَّائِفِينَ وَالْقَائِمِينَ وَ
الرُّكَّعِ السُّجُودِ ﴿١٦﴾

27. এবং মানুষের মধ্যে
হজ্বের জন্যে ঘোষণা প্রচার
কর। তারা তোমার কাছে
আসবে পায়ে হেঁটে এবং
সর্বপ্রকার কৃশকায় উটের
পিঠে সওয়ার হয়ে দূর-
দূরান্ত থেকে।

27. “And proclaim to
mankind the
pilgrimage. They will
come to you on foot
and on every lean
camel, they will come
from every deep
ravine.”

وَأَذِّنْ فِي النَّاسِ بِالْحَجِّ يَأْتُوكَ
رِجَالًا وَعَلَى كُلِّ ضَامِرٍ يَأْتِينَ مِنْ
كُلِّ فَجٍّ عَمِيقٍ ﴿١٧﴾

28. যাতে তারা তাদের
কল্যাণের স্থান পর্যন্ত পৌঁছে
এবং নির্দিষ্ট দিনগুলোতে
আল্লাহর নাম স্মরণ করে
তাঁর দেয়া চতুষ্পদ জন্তু
যবেহ করার সময়।
অতঃপর তোমরা তা থেকে
আহার কর এবং দুঃস্থ-
অভাবগ্রস্থকে আহার
করাও।

28. That they may
witness things that are
of benefit to them, and
mention the name of
Allah in appointed
days over what He
has provided for them
of the beast of cattle.
Then eat of them and
feed the distressed
(and) the needy.

لِيَشْهَدُوا مَنَافِعَ لَهُمْ وَيَذْكُرُوا
اسْمَ اللَّهِ فِي أَيَّامٍ مَّعْلُومَاتٍ عَلَىٰ مَا
رَزَقَهُمْ مِّنْ بَهِيمَةِ الْأَنْعَامِ فَكُلُوا
مِنْهَا وَأَطْعِمُوا الْبَائِسَ
الْفَقِيرَ ﴿١٨﴾

29. এরপর তারা যেন
দৈহিক ময়লা দূর করে দেয়,
তাদের মানত পূর্ণ করে
এবং এই সুসংরক্ষিত গৃহের
তাওয়াফ করে।

29. Then let them
complete the prescribed
duties for them, and
fulfill their vows, and
go around the ancient
House.

ثُمَّ لِيَقْضُوا تَفَثَهُمْ وَلِيُتَوَفُّوا
نُدُورَهُمْ وَلِيَطَّوَّفُوا بِالْبَيْتِ
الْعَتِيقِ ﴿١٩﴾

30. এটা শ্রবণযোগ্য। আর
কেউ আল্লাহর সম্মানযোগ্য

30. Thus (it is), and
whoever honors the

ذَلِكَ وَمَنْ يُعِظْمِ حُرْمَتِ اللَّهِ

বিধানাবলীর প্রতি সম্মান প্রদর্শন করলে পালনকর্তার নিকট তা তার জন্যে উত্তম। উল্লেখিত ব্যতিক্রমগুলো ছাড়া তোমাদের জন্যে চতুষ্পদ জন্তু হালাল করা হয়েছে। সুতরাং তোমরা মূর্তিদের অপবিত্রতা থেকে বেঁচে থাক এবং মিথ্যা কখন থেকে দূরে সরে থাক;

sacred ordinance of Allah, then that is better for him with his Lord. And cattle have been made lawful for you except those recited to you (as unlawful). So avoid the un-cleanliness of idols, and avoid false speech.

فَهُوَ خَيْرٌ لَّهُ عِنْدَ رَبِّهِ وَأُحِلَّتْ لَكُمُ الْأَنْعَامُ إِلَّا مَا يُتْلَىٰ عَلَيْكُمْ فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْأَوْثَانِ وَاجْتَنِبُوا قَوْلَ الزُّورِ ﴿٢٥﴾

31. আল্লাহর দিকে একনিষ্ট হয়ে, তাঁর সাথে শরীক না করে; এবং যে কেউ আল্লাহর সাথে শরীক করল; সে যেন আকাশ থেকে ছিটকে পড়ল, অতঃপর মৃতভোজী পাখী তাকে ছোঁ মেরে নিয়ে গেল অথবা বাতাস তাকে উড়িয়ে নিয়ে কোন দূরবর্তী স্থানে নিষ্ক্ষেপ করল।

31. Turning unto Allah (only), not associating (partners) with Him. And whoever associates (partners) with Allah, it is then as if he had fallen from the sky, then he was snatched by the birds, or the wind had blown him to a far off place.

حُنْفَاءَ لِلَّهِ غَيْرَ مُشْرِكِينَ بِهِ وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَكَأَنَّمَا خَرَّ مِنَ السَّمَاءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ أَوْ تَهْوِي بِهِ الرِّيحُ فِي مَكَانٍ سَحِيقٍ ﴿٢٦﴾

32. এটা শ্রবণযোগ্য কেউ আল্লাহর নামযুক্ত বস্তুসমূহের প্রতি সম্মান প্রদর্শন করলে তা তো তার হৃদয়ের আল্লাহভীতি প্রসূত।

32. Thus (it is), and whoever honors the symbols (rites) of Allah, then indeed it is from the piety of the hearts.

ذَلِكَ وَمَنْ يُعْظِمِ شَعَائِرَ اللَّهِ فَإِنَّهَا مِنْ تَقْوَى الْقُلُوبِ ﴿٢٧﴾

33. চতুষ্পদ জন্তুসমূহের মধ্যে তোমাদের জন্যে নির্দিষ্টকাল পর্যন্ত উপকার রয়েছে। অতঃপর এগুলোকে পৌছাতে হবে মুক্ত গৃহ পর্যন্ত।

33. For you therein are benefits for an appointed term, and afterwards their place of sacrifice is at the ancient House.

لَكُمْ فِيهَا مَنَافِعُ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى ثُمَّ مَحِلُّهَا إِلَى الْبَيْتِ الْعَتِيقِ ﴿٢٨﴾

34. আমি প্রত্যেক উষ্মতের জন্যে কোরবানী নির্ধারণ করেছি, যাতে তারা আল্লাহর দেয়া চতুস্পদ জন্তু যবেহ করার সময় আল্লাহর নাম উচ্চারণ করে। অতএব তোমাদের আল্লাহ তো একমাত্র আল্লাহ সুতরাং তাঁরই আজ্ঞাধীন থাক এবং বিনয়ীগণকে সুসংবাদ দাও;

34. And for every nation have We appointed a ritual, that they may mention the name of Allah over what He has provided them of the beast of cattle. For your god is one God, so surrender unto Him. And give good tidings (O Muhammad) to those who humble themselves (to Allah).

وَلِكُلِّ أُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا لِّيَذْكُرُوا
اسْمَ اللَّهِ عَلَىٰ مَا رَزَقَهُمْ مِّنْ
بِهِيمَةِ الْأَنْعَامِ ۖ فَالْهُكْمُ لِلَّهِ
وَاحِدٌ فَلَهُ أَسْلِمُوا وَبَشِّرِ
الْمُخْبِتِينَ ﴿٦٤﴾

35. যাদের অন্তর আল্লাহর নাম স্মরণ করা হলে ভীত হয় এবং যারা তাদের বিপদাপদে ধৈর্যধারণ করে এবং যারা নামায কায়েম করে ও আমি যা দিয়েছি, তা থেকে ব্যয় করে।

35. Those who, when Allah is mentioned, their hearts are filled with fear, and who are patient over what may afflict them, and who establish prayer, and of what We have provided them, they spend.

الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ
قُلُوبُهُمْ وَالصَّابِرِينَ عَلَىٰ مَا
أَصَابَهُمْ وَالْمُقِيمِي الصَّلَاةِ وَمِمَّا
رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ﴿٦٥﴾

36. এবং কাবার জন্যে উৎসর্গীকৃত উটকে আমি তোমাদের জন্যে আল্লাহর অন্যতম নিদর্শন করেছি। এতে তোমাদের জন্যে মঙ্গল রয়েছে। সুতরাং সারিবদ্ধভাবে বাঁধা অবস্থায় তাদের যবেহ করার সময় তোমরা আল্লাহর নাম উচ্চারণ কর। অতঃপর যখন তারা

36. And the camels, We have appointed them for you among the symbols (rites) of Allah, in them is much good for you. So mention the name of Allah over them when they are lined up (for sacrifice). Then, when they are down on their sides (after slaughter), then

وَالْبُدْنَ جَعَلْنَاهَا لَكُمْ مِّنْ شَعَائِرِ
اللَّهِ لَكُمْ فِيهَا خَيْرٌ ۖ فَاذْكُرُوا
اسْمَ اللَّهِ عَلَيْهَا صَوَافَّ فَإِذَا
وَجِبَتْ جُنُوبُهَا فَكُلُوا مِنْهَا
وَاطْعَمُوا الْقَانِعَ وَالْمُعْتَرَّ ۚ كَذَلِكَ
سَخَّرْنَاهَا لَكُمْ لَعَلَّكُمْ

কাত হয়ে পড়ে যায় তখন তা থেকে তোমরা আহাৰ কর এবং আহাৰ করাও যে কিছু যাচ্ছা করে না তাকে এবং যে যাচ্ছা করে তাকে। এমনিভাবে আমি এগুলোকে তোমাদের বশীভূত করে দিয়েছি, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

37. এগুলোর গাশত ও রক্ত আল্লাহর কাছে পৌঁছে না, কিন্তু পৌঁছে তাঁর কাছে তোমাদের মনের তাকওয়া। এমনিভাবে তিনি এগুলোকে তোমাদের বশ করে দিয়েছেন, যাতে তোমরা আল্লাহর মহত্ব ঘোষণা কর এ কারণে যে, তিনি তোমাদের পথ প্রদর্শন করেছেন। সুতরাং সংকৰ্মশীলদের সুসংবাদ শুনিতে দিন।

38. আল্লাহ মুমিনদের থেকে শত্রুদেরকে হটিয়ে দেবেন। আল্লাহ কোন বিশ্বাসঘাতক অকৃতজ্ঞকে পছন্দ করেন না।

39. যুদ্ধে অনুমতি দেয়া হল তাদেরকে যাদের সাথে কাফেররা যুদ্ধ করে; কারণ তাদের প্রতি অত্যাচার করা হয়েছে। আল্লাহ তাদেরকে সাহায্য করতে অবশ্যই

eat from them, and feed those that are content and those that mention their needs. Thus have We made them (animals) subject to you, that you may give thanks.

37. Neither their meat that reaches Allah nor their blood, but what reaches Him is the piety from you. Thus have We made them subject to you that you may glorify Allah for that (to) which He has guided you. And give good tidings to those who do good.

38. Indeed, Allah defends those who believe. Indeed, Allah does not like each treacherous ingrate.

39. Permission is given to those who fight because they have been wronged. And indeed, Allah surely has Power over giving them victory.

تَشْكُرُونَ ﴿٣٦﴾

لَنْ يَنَالَ اللَّهُ لِحُومِهَا وَلَا دِمَآؤَهَا
وَلَكِن يَنَالُهُ التَّقْوَى مِنْكُمْ
كَذَلِكَ سَخَّرَهَا لَكُمْ لِتُكَبِّرُوا
اللَّهَ عَلَى مَا هَدَاكُمْ وَبَشِّرِ
الْمُحْسِنِينَ ﴿٣٧﴾

إِنَّ اللَّهَ يُدْفِعُ عَنِ الَّذِينَ آمَنُوا إِنَّ
اللَّهَ لَا يُحِبُّ كُلَّ خَوَّانٍ كَفُورٍ ﴿٣٨﴾

أُذِنَ لِلَّذِينَ يُقْتَلُونَ بِأَنَّهُمْ ظَلَمُوا
وَإِنَّ اللَّهَ عَلَىٰ نَصْرِهِمْ
لَقَدِيرٌ ﴿٣٩﴾

সফ্রম।

40. যাদেরকে তাদের ঘর-বাড়ী থেকে অন্যায়ভাবে বহিস্কার করা হয়েছে শুধু এই অপরাধে যে, তারা বলে আমাদের পালনকর্তা আল্লাহ। আল্লাহ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খ্রীষ্টানদের) নির্ঝন গির্জা, এবাদত খানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। আল্লাহ নিশ্চয়ই তাদেরকে সাহায্য করবেন, যারা আল্লাহর সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী শক্তিধর।

41. তারা এমন লোক যাদেরকে আমি পৃথিবীতে শক্তি-সামর্থ্য? দান করলে তারা নামায কায়েম করবে, যাকাত দেবে এবং সংকাজে আদেশ ও অসংকাজে নিষেধ করবে। প্রত্যেক কর্মের পরিণাম আল্লাহর এখতিয়ারভূক্ত।

42. তারা যদি আপনাকে মিথ্যাবাদী বলে, তবে তাদের পূর্বে মিথ্যাবাদী বলেছে কওমে নূহ, আদ,

40. Those who have been expelled from their homes unjustly only because they said: "Our Lord is Allah." And if it was not for Allah's repelling of people, some of them by means of others, assuredly would have been demolished monasteries, and churches, and synagogues, and mosques, wherein the name of Allah is much mentioned. And Allah surely helps those who help Him. Indeed, Allah is All Strong, All Almighty.

41. Those who, if We give them authority in the land, establish prayer and give charity and enjoin what is right and forbid what is wrong. And to Allah belongs the outcome of (all) matters.

42. And if they deny you (O Muhammad), so surely have denied before them the people

الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ
بِغَيْرِ حَقٍّ إِلَّا أَنْ يَقُولُوا رَبُّنَا اللَّهُ
وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ
بِبَعْضٍ لَهَدَمَتْ صَوَامِعُ وَبِيَعٌ
وَوَسَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا
اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنْصُرَنَّ اللَّهُ
مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ
عَزِيزٌ

الَّذِينَ إِنْ مَكَّنَّاهُمْ فِي الْأَرْضِ
أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ
وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ
الْمُنْكَرِ وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ

وَإِنْ يُكَذِّبُوكَ فَقَدْ كَذَّبَتْ
قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ وَعَادٌ وَشُعُوبٌ

সামুদ,

of Noah, and (the tribes of) Aad and Thamud.

43. ইব্রাহীম ও লূতের সম্প্রদায়ও।

43. And the people of Abraham and the people of Lot.

وَقَوْمِ إِبْرَاهِيمَ وَقَوْمِ لُوطٍ ﴿٤٣﴾

44. এবং মাদইয়ানের অধিবাসীরা এবং মিথ্যাবাদী বলা হয়েছিল মূসাকেও। অতঃপর আমি কাফেরদেরকে সুযোগ দিয়েছিলাম এরপর তাদেরকে পাকড়াও করেছিলাম অতএব কি ভীষণ ছিল আমাকে অস্বীকৃতির পরিণাম।

44. And the dwellers of Midian. And Moses was denied, so I gave respite to the disbelievers, then I seized them. So how (terrible) was My rejection (of them).

وَأَصْحَابِ مَدْيَنَ وَكُذِّبَ مُوسَىٰ
فَأَمَلَيْتُ لِلْكَافِرِينَ ثُمَّ أَخَذْتُهُمْ
فَكَيْفَ كَانَ نَكِيرِ ﴿٤٤﴾

45. আমি কত জনপদ ধ্বংস করেছি এমতাবস্থায় যে, তারা ছিল গোনাহগার। এই সব জনপদ এখন ধ্বংসস্থাপে পরিণত হয়েছে এবং কত কূপ পরিত্যক্ত হয়েছে ও কত সুদূত প্রাসাদ ধ্বংস হয়েছে।

45. Then how many of the township have We destroyed while they were wrong doers. So they tumbled down on their roofs. And (How many) wells (lie) abandoned and (how many) lofty palaces (lie in ruins).

فَكَأَيِّنْ مِنْ قَرْيَةٍ أَهْلَكْنَاهَا وَهِيَ ظَالِمَةٌ فَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا
وَبُئْرٌ مُعْتَلَةٌ وَقَصْرٌ مَشِيدٌ ﴿٤٥﴾

46. তারা কি এই উদ্দেশ্যে দেশ ভ্রমণ করেনি, যাতে তারা সমঝদার হৃদয় ও শ্রবণ শক্তি সম্পন্ন কর্ণের অধিকারী হতে পারে? বস্তুতঃ চক্ষু তো অন্ধ হয় না, কিন্তু বক্ষু স্থিত অন্তরই অন্ধ হয়।

46. So have they not traveled in the land, so they have their hearts by which they might understand, or ears by which they might listen. For indeed, it is not the eyes that are blinded, rather blinded are the hearts which are within

أَفَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَتَكُونُ لَهُمْ قُلُوبٌ يَعْقِلُونَ بِهَا أَوْ آذَانٌ يَسْمَعُونَ بِهَا فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَكِنْ تَعْمَى الْقُلُوبُ

the breasts.

الَّتِي فِي الصُّدُورِ ﴿٤٦﴾

47. তারা আপনাকে আযাব ছরান্বিত করতে বলে। অথচ আল্লাহ কখনও তাঁর ওয়াদা ভঙ্গ করেন না। আপনার পালনকর্তার কাছে একদিন তোমাদের গণনার এক হাজার বছরের সমান।

47. And they ask you to hasten on the punishment, and Allah will never fail in His promise. And indeed, a day with your Lord is like a thousand years of that which you count.

وَيَسْتَعْجِلُونَكَ بِالْعَذَابِ وَلَنْ يُخْلِفَ اللَّهُ وَعْدَهُ وَإِنَّ يَوْمًا عِنْدَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ ﴿٤٧﴾

48. এবং আমি কত জনপদকে অবকাশ দিয়েছি এমতাবস্থায় যে, তারা গোনাহগার ছিল। এরপর তাদেরকে পাকড়াও করেছি এবং আমার কাছেই প্রত্যাবর্তন করতে হবে।

48. And how many of the township did I give respite to, while they were wrong doers, then I seized them. And to Me is the return.

وَكَأَيِّنْ مِنْ قَرْيَةٍ أَمَلَيْتُ لَهَا وَهِيَ ظَالِمَةٌ ثُمَّ أَخَذْتُهَا وَالِيَّ الْمَصِيرِ ﴿٤٨﴾

49. বলুনঃ হে লোক সকল! আমি তো তোমাদের জন্যে স্পষ্ট ভাষায় সতর্ককারী।

49. Say: "O mankind, I am only a clear warner to you."

قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا أَنَا لَكُمْ نَذِيرٌ مُبِينٌ ﴿٤٩﴾

50. সুতরাং যারা বিশ্বাস স্থাপন করেছে এবং সৎকর্ম করেছে, তাদের জন্যে আছে পাপ মার্জনা এবং সম্মানজনক রুযী।

50. So those who believe and do righteous deeds, for them is forgiveness and a noble provision.

فَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ كَرِيمٌ ﴿٥٠﴾

51. এবং যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করার জন্যে চেষ্টা করে, তাহাই দোযখের অধিবাসী।

51. And those who strive against Our revelations to frustrate them, they are companions of the Fire.

وَالَّذِينَ سَعَوْا فِي آيَاتِنَا مُعْجِزِينَ أُولَئِكَ أَصْحَابُ الْجَحِيمِ ﴿٥١﴾

52. আমি আপনার পূর্বে যে সমস্ত রাসূল ও নবী প্রেরণ করেছি, তারা যখনই কিছু

52. And We did not send before you any messenger, nor a

وَمَا أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُولٍ

কল্পনা করেছে, তখনই শয়তান তাদের কল্পনায় কিছু মিশ্রণ করে দিয়েছে। অতঃপর আল্লাহ দূর করে দেন শয়তান যা মিশ্রণ করে। এরপর আল্লাহ তাঁর আয়াতসমূহকে সু-প্রতিষ্ঠিত করেন এবং আল্লাহ জ্ঞানময়, প্রজ্ঞাময়।

prophet except that when he recited, Satan threw (falsehood) into that which he recited thereof. But Allah abolishes that which Satan throws in, then Allah establishes His revelations. And Allah is All Knower, All Wise.

وَلَا نَبِيٍّ إِلَّا إِذَا تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ فَيَنسَخُ اللَّهُ مَا يُلْقِي الشَّيْطَانُ ثُمَّ يُحْكُمُ اللَّهُ آيَتِهِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٥٢﴾

53. এ কারণে যে, শয়তান যা মিশ্রণ করে, তিনি তা পরীক্ষাস্বরূপ করে দেন, তাদের জন্যে, যাদের অন্তরে রোগ আছে এবং যারা পাষণহৃদয়। গোনাহগাররা দূর্বর্তী বিরোধিতায় লিপ্ত আছে।

53. That He (Allah) may make that which the Satan throws in a trial for those in whose hearts there is a disease, and those whose hearts are hardened. And certainly, the wrong doers are too far in their dissension.

لِيَجْعَلَ مَا يُلْقِي الشَّيْطَانُ فِتْنَةً لِّلَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ وَالْقَاسِيَةِ قُلُوبُهُم وَإِنَّ الظَّالِمِينَ لَفِي شِقَاقٍ بَعِيدٍ ﴿٥٣﴾

54. এবং এ কারণেও যে, যাদেরকে জ্ঞানদান করা হয়েছে; তারা যেন জানে যে এটা আপনার পালনকর্তার পক্ষ থেকে সত্য; অতঃপর তারা যেন এতে বিশ্বাস স্থাপন করে এবং তাদের অন্তর যেন এর প্রতি বিজয়ী হয়। আল্লাহই বিশ্বাস স্থাপনকারীকে সরল পথ প্রদর্শন করেন।

54. And that those who have been given knowledge may know that it is the truth from your Lord, so that they may believe in it, and their hearts may submit humbly to Him. And certainly Allah is the Guide of those who believe to the straight path.

وَلِيَعْلَمَ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ أَنَّهُ الْحَقُّ مِنْ رَبِّكَ فَيُؤْمِنُوا بِهِ فَتُخْبِتَ لَهُ قُلُوبُهُمْ وَإِنَّ اللَّهَ لَهَادِ الَّذِينَ آمَنُوا إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٥٤﴾

55. কাফেররা সর্বদাই সন্দেহ পোষণ করবে যে পর্যন্ত না তাদের কাছে আকস্মিকভাবে কেয়ামত এসে পড়ে অথবা এসে পড়ে তাদের কাছে এমন দিবসের শাস্তি যা থেকে রক্ষার উপায় নেই।

56. রাজস্ব সেদিন আল্লাহরই; তিনিই তাদের বিচার করবেন। অতএব যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম সম্পাদন করে তারা নেয়ামত পূর্ণ কাননে থাকবে।

57. এবং যারা কুফরি করে এবং আমার আয়াত সমূহকে মিথ্যা বলে তাদের জন্যে লাঞ্ছনাকর শাস্তি রয়েছে।

58. যারা আল্লাহর পথে গৃহ ত্যাগ করেছে, এরপর নিহত হয়েছে অথবা মরে গেছে; আল্লাহ তাদেরকে অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করবেন এবং আল্লাহ সর্বোৎকৃষ্ট রিযিক দাতা।

59. তাদেরকে অবশ্যই এমন এক স্থানে পৌছাবেন, যাকে তারা পছন্দ করবে

55. And those who disbelieve will not cease to be in doubt about it (Quran) until the Hour comes to them unexpectedly, or there comes to them the punishment of a disastrous day.

56. The Sovereignty that day will be for Allah. He will judge between them. Then those who believed and did righteous deeds will be in Gardens of Delight.

57. And those who disbelieved and denied Our revelations, so they, for them will be a humiliating punishment.

58. And those who emigrated in the way of Allah and then were slain or died, Allah will certainly grant them a goodly provision. And indeed, it is Allah who surely is the best of those who provide.

59. Surely, He will admit them to a resort with which they shall

وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوا فِي مِرْيَةٍ
مِّنْهُ حَتَّىٰ تَأْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً
أَوْ يَأْتِيَهُمْ عَذَابٌ يَوْمٍ عَقِيمٍ ﴿٥٥﴾

ط
الْمَلِكُ يَوْمَئِذٍ لِلَّهِ يَحْكُمُ بَيْنَهُمْ
فَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
فِي جَنَّاتِ النَّعِيمِ ﴿٥٦﴾

وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا
فَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِينٌ ﴿٥٧﴾

وَالَّذِينَ هَاجَرُوا فِي سَبِيلِ اللَّهِ
ثُمَّ قُتِلُوا أَوْ مَاتُوا لَيَرْزُقَنَّهُمُ اللَّهُ
رِزْقًا حَسَنًا وَإِنَّ اللَّهَ هُوَ خَيْرُ
الرَّازِقِينَ ﴿٥٨﴾

ط
لَيُدْخِلَنَّهُمْ مُّدْخَلًا يَرْضَوْنَهُ

এবং আল্লাহ জ্ঞানময়,
সহনশীল।

be well pleased. And
indeed, Allah is All
Knowing, Most
Forbearing.

وَإِنَّ اللَّهَ لَعَلِيمٌ حَلِيمٌ ﴿٥١﴾

60. এ তো শুনলে, যে
ব্যক্তি নিপীড়িত হয়ে
নিপীড়ন পরিমাণে
প্রতিশোধ গ্রহণ করে এবং
পুনরায় সে নিপীড়িত হয়,
আল্লাহ অবশ্যই তাকে
সাহায্য করবেন। নিশ্চয়
আল্লাহ মার্জনাকারী
ক্ষমাশীল।

60. That (is so). And
whoever retaliated with
the equivalent of that
he was made to suffer
with, and thereafter
wrong was done to
him, Allah will surely
help him. Indeed, Allah
is Oft Pardoning, Oft
Forgiving.

ذَلِكَ وَمَنْ عَاقَبَ بِمِثْلِ مَا
عُوقِبَ بِهِ ثُمَّ بُغِيَ عَلَيْهِ لِيَنْصُرَنَّهُ
اللَّهُ إِنَّ اللَّهَ لَعَفُوفٌ غَفُورٌ ﴿٥٢﴾

61. এটা এ জন্যে যে,
আল্লাহ রাত্ৰিকে দিনের
মধ্যে এবং দিনকে রাত্ৰির
মধ্য দাখিল করে দেন এবং
আল্লাহ সবকিছু শোনে,
দেখেন।

61. That is because
Allah causes the night
to enter into the day,
and causes the day to
enter into the night.
And because Allah is
All Hearer, All Seer.

ذَلِكَ بِأَنَّ اللَّهَ يُوَلِّجُ اللَّيْلَ فِي النَّهَارِ
وَيُوَلِّجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَأَنَّ اللَّهَ
سَمِيعٌ بَصِيرٌ ﴿٥٣﴾

62. এটা এ কারণেও যে,
আল্লাহই সত্য; আর তাঁর
পরিবর্তে তারা যাকে
ডাকে, তা অসত্য এবং
আল্লাহই সবার উচ্ছে,
মহান।

62. That is because
Allah, He is the
Truth, and that what
they call other than
Him, it is the false, and
because Allah, He is
the Most High, the
Most Great.

ذَلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا
يَدْعُونَ مِنْ دُونِهِ هُوَ الْبَاطِلُ
وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ ﴿٥٤﴾

63. তুমি কি দেখ না যে,
আল্লাহ আকাশ থেকে পানি
বর্ষণ করেন, অতঃপর ভূপৃষ্ঠ
সবুজ-শ্যামল হয়ে উঠে।
নিশ্চয় আল্লাহ সুক্ষদর্শী,
সর্ববিষয়ে খবরদার।

63. Do you not see
that Allah sends down
water from the sky and
then the earth becomes
green. Indeed, Allah is
Subtle, All Aware.

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ أَنْزَلَ مِنَ السَّمَاءِ
مَاءً فَتُصْبِحُ الْأَرْضُ مُخْضَرَّةً إِنَّ
اللَّهَ لَطِيفٌ خَبِيرٌ ﴿٥٥﴾

64. নভোমন্ডল ও ভূপৃষ্ঠে যা কিছু আছে, সব তাঁরই এবং আল্লাহই অভাবমুক্ত প্রশংসার অধিকারী।

64. To Him belongs whatever is in the heavens and whatever is on the earth. And indeed Allah, He certainly is the Absolute, the Praise-worthy.

لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ
وَإِنَّ اللَّهَ لَهُ الْغَنِيُّ الْحَمِيدُ ﴿٦٤﴾

65. তুমি কি দেখ না যে, ভূপৃষ্ঠে যা আছে এবং সমুদ্রে চলমান নৌকা তৎসমুদয়কে আল্লাহ নিজ আদেশে তোমাদের অধীন করে দিয়েছেন এবং তিনি আকাশ স্থির রাখেন, যাতে তাঁর আদেশ ব্যতীত ভূপৃষ্ঠে পতিত না হয়। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি করুণাশীল, দয়াবান।

65. Do you not see that Allah has subjected to you (mankind) whatever is on the earth, and the ships that sail through the sea by His command. And He withholds the heaven from falling on the earth, except by His permission. Indeed Allah, for mankind, is full of Kindness, Most Merciful.

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ سَخَّرَ لَكُمْ مَّا فِي
الْأَرْضِ وَالْفُلْكَ تَجْرِي فِي الْبَحْرِ
بِأَمْرِهِ وَيُمْسِكُ السَّمَاءَ أَنْ تَقَعَ
عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ إِنَّ اللَّهَ
بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ ﴿٦٥﴾

66. তিনিই তোমাদেরকে জীবিত করেছেন, অতঃপর তিনিই তোমাদেরকে মৃত্যুদান করবেন ও পুনরায় জীবিত করবেন। নিশ্চয় মানুষ বড় অকৃতজ্ঞ।

66. And He it is who gave you life, then He will cause you to die, then He will give you life (again). Indeed, mankind is certainly an ingrate.

وَهُوَ الَّذِي أَحْيَاكُمْ ثُمَّ
يُمِيتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ إِنَّ
الْإِنْسَانَ لَكَفُورٌ ﴿٦٦﴾

67. আমি প্রত্যেক উম্মতের জন্যে এবাদতের একটি নিয়ম-কানুন নির্ধারণ করে দিয়েছি, যা তারা পালন করে। অতএব তারা যেন এ

67. For every nation We have appointed religious rites which they perform. So let them not dispute with

لِكُلِّ أُمَّةٍ جَعَلْنَا مَنَسَكًا هُمْ
نَاسِكُوهُ فَلَا يُتَارَعَنَّكَ فِي الْأَمْرِ

ব্যাপারে আপনার সাথে
বিতর্ক না করে। আপনি
তাদেরকে পালনকর্তার
দিকে আহ্বান করুন।
নিশ্চয় আপনি সরল পথেই
আছেন।

you on the matter, but
invite to your Lord.
Indeed you, certainly
are on the right
guidance.

وَادْعُ إِلَىٰ رَبِّكَ إِنَّكَ لَعَلَىٰ هُدًى
مُّسْتَقِيمٍ ﴿٧٧﴾

68. তারা যদি আপনার
সাথে বিতর্ক করে, তবে
বলে দিন, তোমরা যা কর,
সে সম্পর্কে আল্লাহ অধিক
জ্ঞাত।

68. And if they argue
with you, then say:
“Allah is Best Aware of
what you do.”

وَأِنْ جَدَلُواكَ فَقُلِ اللَّهُ أَعْلَمُ بِمَا
تَعْمَلُونَ ﴿٧٨﴾

69. তোমরা যে বিষয়ে
মতবিরোধ করছ, আল্লাহ
কিয়ামতের দিন সেই
বিষয়ে তোমাদের মধ্যে
ফায়সালা করবেন।

69. Allah will judge
between you on the
Day of Resurrection
about that wherein you
used to differ.

اللَّهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيَامَةِ
فِيمَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٧٩﴾

70. তুমি কি জান না যে,
আল্লাহ জানেন যা কিছু
আকাশে ও ভূমন্ডলে আছে
এসব কিতাবে লিখিত
আছে। এটা আল্লাহর কাছে
সহজ।

70. Do you not know
that Allah knows
whatever is there in the
heavens and the earth.
Indeed, that is in a
Record. Indeed, that is
easy for Allah.

أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي
السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّ ذَلِكَ فِي
كِتَابٍ إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿٨٠﴾

71. তারা আল্লাহর
পরিবর্তে এমন কিছুর পূজা
করে, যার কোন সনদ
নাযিল করা হয়নি এবং সে
সম্পর্কে তাদের কোন জ্ঞান
নেই। বস্তুতঃ জালেমদের
কোন সাহায্যকারী নেই।

71. And they worship
other than Allah that
for which He has not
sent down authority.
And that of which they
have no knowledge.
And for wrong doers
there is not any helper.

وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَمْ
يُنزَّلْ بِهِ سُلْطَانًا وَمَا لَيْسَ لَهُمْ بِهِ
عِلْمٌ وَمَا لِلظَّالِمِينَ مِنْ نَصِيرٍ ﴿٨١﴾

72. যখন তাদের কাছে
আমার সুস্পষ্ট আয়াতসমূহ
আবৃত্তি করা হয়, তখন তুমি

72. And when Our
clear revelations are
recited to them, you

وَإِذَا تُلِيٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ

কাফেরদের চোখে মুখে
অসন্তোষের লক্ষণ প্রত্যক্ষ
করতে পারবে। যারা
তাদের কাছে আমার
আয়াত সমূহ পাঠ করে,
তারা তাদের প্রতি মার
মুখো হয়ে উঠে। বলুন,
আমি কি তোমাদেরকে
তদপেক্ষা মন্দ কিছুর
সংবাদ দেব? তা আগুন;
আল্লাহ কাফেরদেরকে এর
ওয়াদা দিয়েছেন। এটা
কতই না নিকৃষ্ট
প্রত্যাবর্তনস্বল।

will recognize in the
faces of those who
disbelieve, a denial.
They are almost ready
to attack with violence
those who recite to
them Our verses. Say:
“Then certainly, shall I
inform you worse than
that. The Fire, which
Allah has promised
those who disbelieve.
And worst indeed is
that destination.”

تَعْرِفُ فِي وُجُوهِ الَّذِينَ كَفَرُوا
الْمُنْكَرَ يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِينَ
يَتْلُونَ عَلَيْهِمْ آيَاتِنَا قُلْ
أَفَأَنْتُمْ بِشَرِّ مِمَّنْ ذُكِرَ النَّارُ
وَعَدَهَا اللَّهُ الَّذِينَ كَفَرُوا أَوْ بئسَ
الْمَصِيرُ ﴿٧٣﴾

73. হে লোক সকল! একটি
উপমা বর্ণনা করা হলো,
অতএব তোমরা তা
মনোযোগ দিয়ে শোন;
তোমরা আল্লাহর পরিবর্তে
যাদের পূজা কর, তারা
কখনও একটি মাছি সৃষ্টি
করতে পারবে না, যদিও
তারা সকলে একত্রিত হয়।
আর মাছি যদি তাদের
কাছ থেকে কোন কিছু
ছিনিয়ে নেয়, তবে তারা
তার কাছ থেকে তা উদ্ধার
করতে পারবে না,
প্রার্থনাকারী ও যার কাছে
প্রার্থনা করা হয়, উভয়েই
শক্তিহীন।

73. O mankind, a
parable is set forth, so
listen to it. Indeed,
those whom you call
other than Allah cannot
create a fly though
they gather together for
it. And if the fly
snatched away a thing
from them, they would
have no power to
release it from him
(the fly). Weak are
(both) the seeker and
the sought.

يَأَيُّهَا النَّاسُ ضَرْبٌ مَثَلٌ
فَأَسْتَمِعُوا لَهُ إِنَّ الَّذِينَ تَدْعُونَ
مِنْ دُونِ اللَّهِ لَنْ يَخْلُقُوا ذُبَابًا وَلَوْ
اجْتَمَعُوا لَهُ وَإِنْ يَسْلُبْهُمُ
الذُّبَابُ شَيْئًا لَّا يَسْتَنْقِذُوهُ مِنْهُ
ضَعْفَ الطَّالِبِ وَالْمَطْلُوبِ ﴿٧٣﴾

74. তারা আল্লাহর
যথাযোগ্য মর্যাদা
বোঝেনি। নিশ্চয় আল্লাহ

74. They have not
appraised Allah His
rightful appraisal.

مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ إِنَّ اللَّهَ

শক্তিধর, মহাপরাক্রমশীল।

Indeed, Allah is All Strong, All Mighty.

لَقَوِيٌّ عَزِيزٌ ﴿٧٤﴾

75. আল্লাহ ফেবেশতা ও মানুষের মধ্য থেকে রাসূল মনোনীত করেন। আল্লাহ সর্বশ্রোতা, সর্ব দ্রষ্টা!

75. Allah chooses messengers from the angels and from men. Indeed, Allah is All Hearer, All Seer.

اللَّهُ يَصْطَفِي مِنَ الْمَلَائِكَةِ رُسُلًا
وَمِنَ النَّاسِ إِنَّ اللَّهَ سَمِيعٌ
بَصِيرٌ ﴿٧٥﴾

76. তিনি জানেন যা তাদের সামনে আছে এবং যা পশ্চাতে আছে এবং সবকিছু আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হবে।

76. He knows what is before them and what is behind them. And to Allah return all matters.

يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا
خَلْفَهُمْ وَإِلَى اللَّهِ تُرْجَعُ
الْأُمُورُ ﴿٧٦﴾

77. হে মুমিনগণ! তোমরা রুকু কর, সেজদা কর, তোমাদের পালনকর্তার এবাদত কর এবং সংকাজ সম্পাদন কর, যাতে তোমরা সফলকাম হতে পার। [AsSajda](#)

77. O those of you who believe, Bow down and prostrate yourselves, and worship your Lord, and do good, that you may succeed. [AsSajda](#)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ارْكَعُوا
وَاسْجُدُوا وَاعْبُدُوا رَبَّكُمْ
وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ
تُفْلِحُونَ ﴿٧٧﴾

78. তোমরা আল্লাহর জন্যে শ্রম স্বীকার কর যেভাবে শ্রম স্বীকার করা উচিত। তিনি তোমাদেরকে পছন্দ করেছেন এবং ধর্মের ব্যাপারে তোমাদের উপর কোন সংকীর্ণতা রাখেননি। তোমরা তোমাদের পিতা ইব্রাহীমের ধর্ম কায়েম থাক। তিনিই তোমাদের নাম মুসলমান রেখেছেন পূর্বেও এবং এই

78. And strive in (the cause of) Allah with the striving due to Him. It is He who has chosen you and has not placed upon you in religion any hardship. (It is) the faith of your father Abraham. It is He (Allah) who has named you Muslims, of old time and in this

وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ هُوَ
اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي
الْدِينِ مِنْ حَرَجٍ مِثْلَ مَا
اجْتَبَاكُمْ هُوَ سَمَّاكُمُ الْمُسْلِمِينَ
مِنْ قَبْلُ وَفِي هَذَا لِيَكُونَ
الرَّسُولُ شَهِيدًا عَلَيْكُمْ

কোরআনেও, যাতে রসূল
তোমাদের জন্যে
সাক্ষ্যদাতা এবং তোমরা
সাক্ষ্যদাতা হও
মানবমন্ডলির জন্যে।
সুতরাং তোমরা নামায
কায়েম কর, যাকাত দাও
এবং আল্লাহকে শক্তভাবে
ধারণ কর। তিনিই
তোমাদের মালিক। অতএব
তিনি কত উত্তম মালিক
এবং কত উত্তম
সাহায্যকারী।

(Scripture) so that the
messenger may be a
witness against you,
and that you may be
witnesses against
mankind. So establish
prayer, and give
charity, and hold fast
to Allah. He is your
Protecting friend. An
excellent Patron and
an excellent Helper.

وَتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ ط
فَأَقِمْوَا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَ
اعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ ج
فَنِعْمَ الْمَوْلَى وَنِعْمَ النَّصِيرُ ٧٨

